

বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা অনুযায়ী ঋণের সুদের হার পুনঃনির্ধারন পদ্ধতি

- ✓ বাংলাদেশ ব্যাংক এর বিআরপিডি সার্কুলার নং-০৯, তারিখ ১৯ জুন, ২০২৩ অনুযায়ী ০১ জুলাই, ২০২৩ হতে ঋণের সুদের হার নির্ধারনের ক্ষেত্রে ১৮২ দিন মেয়াদি ট্রেজারি বিলের বাজার সুদকে ভিত্তি ধরে একটি রেফারেন্স রেট নির্ণয় করা হয়েছে যা SMART (Six-Months Moving Average Rate of Treasury Bill) নামে অভিহিত ।
- ✓ উপরোক্ত নির্দেশনা অনুযায়ী ঋণের সুদ হার নির্ধারন পদ্ধতি :
 - সকল ঋণের ক্ষেত্রে- SMART + ৩.৫% (সর্বোচ্চ)
 - কৃষি ও পল্লী ঋণের ক্ষেত্রে- SMART + ২.৫% (সর্বোচ্চ)
- ✓ নতুন নিয়ম অনুসারে প্রতি ০৬ (ছয়) মাস অন্তর অন্তর SMART কে ভিত্তি ধরে ঋণের সুদের হার পরিবর্তিত হতে পারে ।
- ✓ যে মাসে সুদহার নির্ধারণ করা হবে তার অব্যবহিত পূর্ববর্তী মাসের SMART কে ভিত্তি ধরে সুদহার নির্ধারণ করা হবে । উদাহরণস্বরূপ, জানুয়ারী (২০২৪) মাসের সুদহার নির্ধারণে ডিসেম্বর (২০২৩) মাসের SMART কে বিবেচনায় নেয়া হবে ।
- ✓ প্রতি ০৬ (ছয়) মাস অন্তর পরিবর্তিত ঋণের সুদের হার (যদি হয়) গ্রাহকদের যথারীতি অবহিত করা হবে ।
- ✓ বাংলাদেশ ব্যাংক বা সরকার কর্তৃক গঠিত প্রগোদ্ধনা প্যাকেজ/বিশেষ তহবিলের আওতায় প্রদত্ত ঋণের সুদহার নির্ধারণে সংশ্লিষ্ট তহবিলের জন্য প্রণীত নীতিমালা প্রযোজ্য হবে । এতদ্যুতীত ক্রেডিট কার্ডের সুদহার নির্ধারণের ক্ষেত্রে ক্রেডিট কার্ড সংক্রান্ত বিদ্যমান নির্দেশনা বলবৎ থাকবে ।
- ✓ সিএমএসএমই ঋণ এবং ভোক্তা ঋণের (Consumer financing) আওতাধীন পারসোনাল ঋণ (Personal loan) ও গাড়ি ক্রয় ঋণ (Auto Loan) এর ক্ষেত্রে উল্লিখিত সুদহারের অতিরিক্ত সর্বোচ্চ ১% সুপারভিশন চার্জ আদায় করা হবে । উক্ত সুপারভিশন চার্জ বছরে একবার আদায়/আরোপ করা হবে ।